

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩০, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ শ্রাবণ, ১৪০৮বাংলা/৩০জুলাই, ২০০১ইংরেজী

এস, আর, ও নং ২১১-আইন/২০০১/১৯১৩/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রান্ত, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE এর Heading No. 48.01 এর বিপরীতে বর্ণিত নিউজিন্টন্ট কাগজ, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক, আমদানি করা হইলে উহার উপর আরোপণীয় সমৃদ্ধয় আমদানি শুল্ক নিম্নবর্ণিত শর্তাবলীতে মওকফ করিল, যথা :—

- (১) তথ্য মন্ত্রণালয়ের অভিট ব্যারো অব সার্কুলেশন, অতঃপর এবিসি বলিয়া উল্লিখিত, কর্তৃক নির্ধারিত বাস্সরিক এন্টাইটেলমেন্ট বা কোটার অনধিক শতকরা ৫০ ভাগ পণ্য আমদানি করিতে হইবে;
- (২) এবিসি কর্তৃক নির্ধারিত বাস্সরিক এন্টাইটেলমেন্ট বা কোটার অনধিক শতকরা ৫০ ভাগ পণ্য দেশীয় উৎপাদকের নিকট হইতে ক্রয় করিতে হইবে এবং তাম্যের সপক্ষে মূল্য সংযোজন কর চালানপত্র (মূসক ফরম-১১) শুল্ক কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে :
- তবে শর্ত থাকে যে, আমদানি এবং ত্রয়ুক্ত পণ্যের পরিমাণ সমান হইতে হইবে;
- (৩) শর্ত (১) এবং (২) এ উল্লিখিত পরিমাণ পণ্য আমদানি এবং ক্রয় করা হইয়াছে এবং উহা এবিসি কর্তৃক নির্ধারিত বাস্সরিক এন্টাইটেলমেন্ট বা কোটার চাহিদার অতিরিক্ত নহে এই মর্মে তথ্য মন্ত্রণালয়ের অন্যন যুগ্ম সচিব পদমর্যাদাসম্পত্তি একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৪২৬৭)

মূল্য : টাকা ১.০০

২। অত্র বিভাগের ২৮ শে জৈষ্ঠ, ১৪০৫ বাংলা মোতাবেক ১১ই জুন, ১৯৯৮ ইঁ তারিখের
প্রজ্ঞাপন নং-এস.আর, ও ১২৭-আইন/৯৮/১৭৪৮/ঙ্ক, এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহঃ মোবারক আলী মোল্লা
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফৰমস ও প্ৰকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্ৰকাশিত।